

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭২৫

আগরতলা, ২৩ মে, ২০২৬

রাজ্যপালের সঙ্গে হরিয়ানা থেকে
আগত শিক্ষার্থীদের সৌজন্য সাক্ষাৎ



হরিয়ানা থেকে একদল শিক্ষার্থী ত্রিপুরা সফরে এসে আজ লোক ভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এক ভারত শ্রেষ্ঠ ভারত উদ্যোগের অধীনে যুব সঙ্গম ষষ্ঠ পর্বের কর্মসূচির অঙ্গ হিসেবে হরিয়ানার শিক্ষার্থীরা ত্রিপুরা সফর করছেন। এই সফরটি এন.আই.টি. কুরুক্ষেত্র এবং এন.আই.টি. আগরতলার যৌথ উদ্যোগে আয়োজন করা হয়েছে। সাক্ষাৎকালে শিক্ষার্থীরা ত্রিপুরা সফরের অভিজ্ঞতা রাজ্যপালের সামনে তুলে ধরেন। রাজ্যপাল তাদের ত্রিপুরার সমৃদ্ধ সংস্কৃতি, ঐতিহ্যকে উপলব্ধি করতে উৎসাহিত করেন। সাক্ষাৎকারকালে এন.আই.টি. আগরতলার অধিকর্তা প্রফেসর শরৎ কুমার পাত্রা সহ এন.আই.টি. কুরুক্ষেত্র এবং এন.আই.টি. আগরতলার অন্যান্য ফ্যাকাল্টিগণ উপস্থিত ছিলেন। লোক ভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
